

## এবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের রেজিস্টার্ড প্রাইমারী শিক্ষকদের অনুরূপ বেতন ও ছাত্রদের বিনামূল্যে বই ও বৃত্তিদান করতে হবে মাওলানা এম, এ, মান্নান

স্টাফ রিপোর্টার : আসন্ন ঈদুল আজহার পূর্বেই স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের রেজিস্টার্ড প্রাইমারী শিক্ষকদের অনুরূপ প্রদান, এবতেদায়ী ছাত্রদের বিনামূল্যে পাঠ্য পুস্তক, ১০০ টাকা করে বৃত্তিদান এবং বেসরকারী শিক্ষকদের উৎসব ভাতা প্রদানের ঘোষণা দেয়ার জন্য সরকারের প্রতি উদাত্ত আহবান জানিয়েছেন বাংলাদেশ জামিয়াতুল মোদারেরাছীন সভাপতি মাওলানা এম, এ, মান্নান। গতকাল মহাখালীস্থ বাংলাদেশ জামিয়াতুল মোদারেরাছিনের কেন্দ্রীয় কার্যালয়ে মাদারীপুর জেলা ও গাজীপুর জেলা থেকে আগত ২ শতাধিক মাদ্রাসা শিক্ষক প্রতিনিধিদের এক সমাবেশে তিনি এই আহবান জানিয়েছেন। উপস্থিত মাদারীপুর ও গাজীপুর জেলা পর্যায়ের নেতৃবৃন্দ মাওলানা মান্নানকে ফুলের তোড়া উপহার দেন। সভায় বক্তব্য রাখেন জামিয়াতুল মোদারেরাছিনের যুগ্ম মহাসচিব দৈনিক

ইনকিলাবের নির্বাহী সম্পাদক মাওলানা কবি রুহুল আমীন খান, মাওলানা শাকির আহমদ, মহানগর সভাপতি মাওলানা মোহাম্মদ ইউনুস। আরো বক্তব্য রাখেন মাওলানা শামসুল হক, মাওলানা জালাল উদ্দীন, মাওলানা আবদুল মতিন, মাওলানা ইমদাদুল হক, মাওলানা রেজউল হক, মাওলানা আবদুল মজিদ, মাওলানা আবদুছ সোবহান ও মাওলানা সিরাজুল ইসলাম। সমাবেশে মাওলানা এম, এ, মান্নান বলেন, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান জামিয়াতুল মোদারেরাছিনের দাবীর প্রেক্ষিতে ১৯৯৭ সালে জারিকৃত অর্ডিন্যান্স ৯-এর মাধ্যমে মাদ্রাসা শিক্ষার জন্য একটি পৃথক শিক্ষা বোর্ড গঠন এবং মাদ্রাসা শিক্ষার প্রথম স্তর হিসেবে এবতেদায়ীকে নির্ধারণ করে গেছেন। তিনি বলেন, ১৯৯১ সালে ক্ষমতায় আসার পর বিএনপি এবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের ৫০০ টাকা করে ৭-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

### মাওলানা এম, এ, মান্নান

৭-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

অনুরূপ অনুরূপ দিচ্ছেছিল। বর্তমানে রেজিস্ট্রেশনকৃত ১৪/১৫ হাজার স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা রয়েছে। রেজিস্ট্রার্ড প্রাইমারী শিক্ষকদের অনুরূপ এ সকল রেজিস্ট্রার্ড এবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের আসন্ন ঈদের পূর্বেই সরকারী অনুরূপ প্রদানের ঘোষণা দেয়ার জন্য প্রধানমন্ত্রীর প্রতি আবেদন জানান। মাওলানা মান্নান বলেন, সাধারণ শিক্ষার প্রাথমিক স্তরের প্রতিষ্ঠান হচ্ছে প্রাথমিক বিদ্যালয়। আর মাদ্রাসা শিক্ষার প্রাথমিক স্তরের প্রতিষ্ঠান হচ্ছে এবতেদায়ী মাদ্রাসা। তিনি মাদ্রাসা শিক্ষার স্বার্থে প্রাথমিক স্তরের ন্যায় সকল এবতেদায়ী মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের ১০০ টাকা প্রদানসহ বিনামূল্যে বই দেয়ার ঘোষণা দেয়ার জন্য সরকারের প্রতি আহবান জানান। তিনি বেসরকারী শিক্ষকদের উৎসব ভাতা প্রদানেরও দাবী জানান, তিনি মাদ্রাসা শিক্ষা উন্নয়নের জন্য কমিটি গঠনকে অস্বীকার করে এ কমিটিতে আরো মাদ্রাসা শিক্ষক প্রতিনিধি অন্তর্ভুক্ত করে কমিটিকে সংশ্লিষ্ট সকলের নিকট গ্রহণযোগ্য করার আহবান জানান। মাওলানা মান্নান মাদ্রাসা শিক্ষকদের প্রতি নব্বয়মুহুর্ত পরিবেশে পরীক্ষা গ্রহণ এবং জাতীয় উন্নয়নমূলক কর্মকাণ্ডে সর্বাত্মক সহযোগিতা দেয়ার জন্য সকল মাদ্রাসা শিক্ষকের প্রতি আহবান জানান। তিনি তাদের দলীয় রাজনীতিতে সম্পৃক্ত না হওয়ার উপদেশ দেন এবং নিজেদের মধ্যে সুদৃঢ় ঐক্য গড়ে তোলার আহবান জানান। সমাবেশে মাওলানা রুহুল আমীন খান ১৯৩৭ সাল থেকে ২০০২ পর্যন্ত জামিয়াতুল মোদারেরাছিনের ইতিহাস তুলে ধরেন এবং মাওলানা মান্নানের বলিষ্ঠ নেতৃত্বে ১৯৭৭ সাল থেকে এই সংগঠনের মাধ্যমে যা অর্জিত হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ দেন। তিনি বলেন, মাওলানা মান্নান এমন একজন নেতা যার দ্বারা শিক্ষক সমাজ, আলেম সমাজ উপকৃত হয়েছে। তাঁর অবদান শিক্ষক সমাজ কোনদিনই ভুলবে না। তিনি মাওলানা মান্নানের দীর্ঘায়ু ও রোগমুক্তির লক্ষ্যে দোয়া করার জন্য সকলের প্রতি আবেদন জানান।